

## কমরেড সাবধান

মাহমুদুল হক ফয়েজ

সাবধানে পা রাখ কমরেড  
যুদ্ধ জয় হলো বলে দিকবিদিক শূন্য করে  
কোন দিগন্তের প্রত্যাশায় ছুটে যাও-  
প্রশস্ত মশ্রিন পথে বিছানো শ্যাওলা পিচ্ছিল ।

চেয়ে দেখ তোমার ক্ষত বিক্ষত প্রিয়তমার  
স্তন বেয়ে ফাঁটা ফাঁটা রক্তের স্রোত ।  
চোখ রাখ তোমার শেষ যুদ্ধ জয়ের চিহ্নে-  
নিহত শকুণ থেকে জন্ম নেয় জারজ শকুণ ।